

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোনা
bbs.mohongonj.netrokona.gov.bd

স্মারক নম্বর-৫২.০১.৭২৬৩.০০০.৪৫.০২৩.২৩- ০২৫

তারিখ : ০৩ মাঘ ১৪৩০
১৭ জানুয়ারি ২০২৪

সভার কার্যবিবরণী

সভা নং-০১

সভার তারিখ: ১৭/০১/২০২৩

সময়: সকাল ১১: ০০ টা

স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের খানা তালিকা প্রণয়ন ও তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিগত ২৮/১২/২০২৩ তারিখে জারিকৃত ৫২.০১.০০০০.৬৩৫.১১.০০২.২৩-০৬১ নম্বর স্মারক অনুসারে তালিকাকারী/তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচনের জন্য নেত্রকোনা জেলার আওতাধীন মোহনগঞ্জ উপজেলার তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার যাচাই বাছাই সংক্রান্ত কমিটির ১ম সভা অর্থাৎ ১৭/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কমিটির ১ম সভায় নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-০১: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিগত ২৮/১২/২০২৩ তারিখে জারিকৃত ৫২.০১.০০০০.৬৩৫.১১.০০২.২৩-০৬১ নম্বর স্মারক অনুসারে জনশুমারি ও গৃহগণনা ২০২২ কার্যক্রমের জন্য নির্বাচিত ও নিয়োজিত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার-এর পোল হতে অর্থনৈতিক শুমারির জন্য প্রাথমিকভাবে তালিকাকারী/তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্বাচন করা হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক সরবরাহকৃত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার-এর তালিকা ইতোমধ্যে উপজেলায় প্রেরণ করা হয়েছে, যা ব্যবহার করে উপজেলা পরিসংখ্যান কার্যালয়-এর মাধ্যমে অর্থনৈতিক শুমারির জন্য একটি নতুন তালিকা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-০২: এলাকা ভিত্তিক খানা সংখ্যার বন্টন অনুপাত, ভৌগোলিক সীমারেখা এবং নারী-পুরুষ লিঙ্গ সমতা বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক গণনাকারী ও সুপারভাইজারের নামের তালিকা (অপেক্ষমানসহ) প্রাথমিকভাবে প্রণয়ন করে আগামী ২১/০১/২০২৪ তারিখে বিবিএস সদর দপ্তর, ঢাকায় প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে এই সময়সীমা ঢাকাস্থ প্রকল্প দপ্তর হতে বৃদ্ধি করা হলে উপজেলা পর্যায়েও তা প্রযোজ্য হবে।

সিদ্ধান্ত-০৩: সিদ্ধান্ত-০১ এ বর্ণিত তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য প্রত্যেক গণনাকারী ও সুপারভাইজারের সাথে নির্ধারিত সময়ে উপজেলা পরিসংখ্যান অফিস হতে যোগাযোগ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-০৪: গণনাকারী ও সুপারভাইজারের সাথে নির্ধারিত সময়ে উপজেলা পরিসংখ্যান অফিস হতে যোগাযোগ করার পর নির্ধারিত সময়ের মধ্যে যদি উক্ত প্রার্থী সাড়া দানে ব্যর্থ হয়, তবে পরবর্তী অপেক্ষমান তালিকা হতে প্রার্থী বহাই করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-০৫: গণনাকারী ও সুপারভাইজারের সাথে নির্ধারিত সময়ে উপজেলা পরিসংখ্যান অফিস হতে যোগাযোগ করে যদি জানা যায় যে, উক্ত প্রার্থী-

ক) অন্যত্র চলে গেছে;

খ) চাকুরি করছে;

গ) এই কাজ করতে ইচ্ছুক নয়;

সেক্ষেত্রে পরবর্তী অপেক্ষমান তালিকা হতে প্রার্থী বাছাই করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


সিদ্ধান্ত-০৬: কোন প্রার্থী যদি জনশুমারিতে তথ্য সংগ্রহকারী হিসেবে কাজ করে থাকে এবং বর্তমানে সুপারভাইজার হিসেবে কাজ করতে চান তাহলে তাকে স্নাতক শ্রেণি পাশের সনদপত্র দিয়ে পুনরায় আবেদন করতে হবে।

সিদ্ধান্ত-০৭: নতুন প্রার্থীর ক্ষেত্রে (যদি প্রয়োজন হয়) পূর্ববর্তী জনশুমারি ২০২২ এর বিজ্ঞাপনে যে সকল শর্ত ছিল, সে সকল শর্তই প্রযোজ্য হবে। পূর্বের বিজ্ঞাপনের ছায়ালিপি পরিশিষ্ট-১ এ অনুমোদনের জন্য সংযুক্ত করা হয়েছে।

সিদ্ধান্ত-০৮: চূড়ান্ত শুমারি কার্যক্রমের পূর্বে প্রশিক্ষণ চলাকালীন সময়ে যারা ট্যাবে শুমারি এ্যাপস্ দক্ষভাবে পরিচালনায় ব্যর্থ হবে/সুষ্ঠুভাবে কাজ করতে ব্যর্থ হবে তাদেরকে তৎক্ষণাৎ বাদ দিয়ে নতুন গণনাকারী অপেক্ষমান তালিকা হতে নিয়োগ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত-০৯: কমিটির কার্যবিবরণীটি অনুমোদিত হওয়ার পর ১৭/০১/২০২৪ তারিখেই তা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব সাইট এবং মোহনগঞ্জ উপজেলা প্রশাসনের ওয়েব সাইট-এ প্রকাশ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও-
ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয় এর নোটিশ বোর্ড
খ. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর নোটিশ বোর্ড
গ. উপজেলা পরিসংখ্যান কার্যালয়-এর নোটিশ বোর্ড
ঘ. উপজেলার আওতাধীন পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড (ই-মেইলে ও মুঠোফোনে যোগাযোগের মাধ্যমে)-
এ প্রকাশ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।


১৭/০১/২০২৪

মোসা: হাফিজা জেসমিন

উপজেলা নির্বাহী অফিসার

মোহনগঞ্জ, নেত্রকোণা

ও

সভাপতি

অর্থনৈতিক শুমারি-২০২৩ এর

তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি

বিতরণ:

০১) কমিটির সদস্যবৃন্দ

অনুলিপি:

০১) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোণা।

০২) অফিস কপি।